# বাংলাদেশ পোশাক প্রস্তুত কারক ও রপ্তানীকারক সমিতি (বিজিএমইএ)

বিজিএমইএ কমপ্লেক্স, বাড়ী # ৭/৭এ, ব্লক # এইচ ১, সেক্টর # ১৭, উত্তরা, ঢাকা।

বিজ্ঞপ্তি নং- বিজিএ/শ্রম/২০২৪/১৭৯ তারিখ ঃ ৯ অক্টোবর ২০২৪

## সকল সম্মানিত সদস্যের জন্য

বিষয়ঃ "শিল্প সম্পর্ক বিষয়ক " ১৮৬ তম প্রশিক্ষণ কোর্সে প্রশিক্ষণার্থী মনোনয়ন প্রদান প্রসংগে ।

প্রিয় মহোদয়,

আপনি অবগত আছেন যে, গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়াধীন শ্রম অধিদপ্তরের শিল্প সম্পর্ক শিক্ষায়তন, টঙ্গী, গাজীপুর বিভিন্ন শিল্প প্রতিষ্ঠানের শ্রমিক-কর্মচারী, ব্যবস্থাপনা কর্তৃপক্ষ এবং সরকারী কর্মকর্তা ও কর্মচারীদের জন্য নিয়মিতভাবে ০৪ (চার) সপ্তাহ মেয়াদী "শিল্প সম্পর্ক বিষয়ক" প্রশিক্ষন কোর্স পরিচালনা করছে। উক্ত কোর্সে শিল্প সম্পর্ক, ট্রেড ইউনিয়ন, সিবিএ এর কার্যক্রম, শ্রমিক নিয়োগ ও চাকুরীর শর্তাবলী, কর্মঘন্টা ও ছুটি, প্রসুতি কল্যান সুবিধা, মানব সম্পদ ব্যবস্থাপনা, পার্টিসিপেশন কমিটি, পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা, শ্রমিকদের আচরন ও শৃঙ্খলা কমপ্লায়েন্স ইস্যু ইত্যাদি বিষয় অন্তর্ভূক্ত রয়েছে। শিল্প প্রতিষ্ঠানে নিয়োজিত শ্রমিক-কর্মচারী, ট্রেড ইউনিয়ন ও সিবিএ এর কর্মকর্তা ও সদস্য, মালিক/ব্যবস্থাপনা কর্তৃপক্ষ/মানব সম্পদ/কর্মী ব্যবস্থাপনায় নিয়োজিত কর্মকর্তা এবং সরকারী কর্মকর্তা ও কর্মচারীদের জন্য এ প্রশিক্ষণ অতীব গুরুত্বপূর্ণ ।

উল্লেখ্য, "শিল্প সম্পর্ক বিষয়ক" প্রশিক্ষণ কোর্সের জন্য কোনরূপ কোর্স ফি দিতে হবে না। প্রশিক্ষণে অংশগ্রহনকারী প্রত্যেক প্রশিক্ষণার্থীকে বিধি মোতাবেক এ শিক্ষায়তন হতে দৈনিক ৩০০/-(তিনশত) টাকা হারে প্রশিক্ষণ ভাতা, প্রশিক্ষণ সামগ্রী এবং প্রশিক্ষণ সমাপ্তিতে সার্টিফিকেট প্রদান করা হয় ।

আগামী ২০-১০-২০২৪ খ্রিঃ তারিখ হতে ১৪-১১-২০২৪ খ্রিঃ তারিখ সময়ে বর্ণিত কোর্সটি স্বাস্থ্যবিধি অনুসরণ পূর্বক শিক্ষায়তনের নিজস্ব মিলনায়তনে আয়োজন করা হবে। আপনার প্রতিষ্ঠান উল্লেখিত প্রশিক্ষণে মনোনয়ন প্রদান করতে সম্মত হলে সম্মতি পত্রসহ সংযুক্তছক মোতাবেক যে সকল প্রশিক্ষণার্থী ২০ কর্মদিবস প্রশিক্ষণে উপস্থিত থাকতে পারবেন তাদের নামের তালিকা ও অন্যান্য তথ্যাদি আগামী ১৫-১০-২০২৪ খ্রিঃ তারিখের মধ্যে পত্র মারফত এবং director.iritongi@gmail.com ই-মেইলে (সফটকপি) প্রেরণের জন্য অনুরোধ করা হলো। মনোনীত প্রশিক্ষণার্থীর জীবন বৃত্তান্ত ফরম পূরণের সময় পাসপোর্ট সাইজের ০১ কপি ছবি জমা দিতে হবে।

| ক্র. নং | বাংলা/ ইংরেজী | প্রশিক্ষণার্থীর নাম | পদবী | মাতার নাম | এনআইডি/ জন্ম নিবন্ধন নং | পিতার নাম | মোবাইল নং | জেন্ডার | প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা | শ্রমিক/ মালিক প্রতিনিধি |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | বাংলা | | | (বাং) | (ইং) | ইংরেজী | | | ইংরেজী | |
| | ইংরেজী | | | | | বাংলা | | | বাংলা | |

ধন্যবাদান্তে,

মোঃ ফয়জুর রহমান
মহা সচিব